# সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

## ৫ম সপ্তাহের বাড়ির কাজ ২০২১

**বিষয়: বাংলা**　　　　**শ্রেণি: ৫ম**

প্রদত্ত অনুচ্ছেদ (পাঠ্যবই থেকে) পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর লেখ:

গাছপালা আমাদের পরম বন্ধু। গাছপালা ছাড়া পৃথিবীতে জীবন অচল। বাতাসে শ্বাস নিতে না পারলে আমাদের মৃত্যু অনিবার্য। বাতাস থেকে অক্সিজেন নিয়ে আমরা বাঁচি। অন্যদিকে গাছপালা বাতাস থেকে কার্বন ডাইঅক্সাইড গ্রহণ করে ও বাতাসে অক্সিজেন ছাড়ে। গাছপালা না থাকলে এক সময় বাতাসের অক্সিজেন একেবারেই শেষ হয়ে যেত। কেবল সৌন্দর্যের পরিবেশ নয়, মানুষের অস্তিত রক্ষায় অনুকূল পরিবেশ তৈরিতে ও গাছের জুড়ি নেই। সেখানে গাছপালা ও বনভূমি বেশি সেখানে ভালো বৃষ্টি হয়। ঝড়, বৃষ্টি ও বন্যা প্রতিরোধেও গাছপালা সহায়তা করে। গাছপালা না থাকলে পরিবেশ হয়ে উঠত উষ্ণ। পৃথিবী হয়ে উঠত মরুভূমি, মানুষের অস্তিত্ব হতো বিপন্ন।

**১। নিচের কতগুলো শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে শূন্যস্থান পূরণ কর:**

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| বিপন্ন | সংকটাপন্ন |
| পরম | শ্রেষ্ঠ, মহান |
| উষ্ণ | গরম |
| অস্তিত্ব | থাকার অবস্থা, বিদ্যমানতা |
| অনিবার্য | নিবারণ করা যায় না এমন |
| পরিবেশ | প্রকৃতি, নিসর্গ |
| মৃত্যু | বিনাশ, মরণ |

ক) জীবনধারণের জন্য অক্সিজেন__________।

খ) ________ রক্ষায় গাছপালার জুড়ি নেই।

গ) বৃক্ষ মানুষের __________ বন্ধু।

ঘ) গাছপালা না থাকলে মানুষের __________ হতো বিপন্ন।

ঙ) অক্সিজেন না থাকলে আমাদের __________ হতো।

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:**

ক) গাছপালা থেকে আমরা কী কী উপকার পাই? পাঁচটি বাক্যে লেখ।

খ) প্রকৃতির ভারসাম্য রক্ষায় গাছপালার ভূমিকা কী রকম? পাঁচটি বাক্যে লেখ।

গ) গাছপালাকে মানুষের বন্ধুবলা হয়েছে কেন? পাঁচটি বাক্যে লেখ।

**৩। নিচের ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ:**

দেখিয়া, বেড়াইতে, হাসিব, যাইতেছে, রাখিবেন, খেলিতেছে, পড়িতেছিল, দেখাইতেছেন, আসিও, হইয়া।

**৪। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ:**

সৌভাগ্য, শান্ত, লোভী, বন্ধু, উন্নত, আলো, শক্তিশালী, আত্মীয়, বিষাদ, শুকনো।

**৫। রচনা লেখ: প্রিয় খেলা ফুটবল।**

# সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

## ৫ম সপ্তাহের বাড়ির কাজ ২০২১

**বিষয়: গণিত　　　　শ্রেণি: ৫ম**

১। মা এবং পুত্রের বয়সের সমষ্টি ৬০ বছর। মায়ের বয়স পুত্রের বয়সের ৩ গুণ।

ক) মা এবং পুত্রের বয়সের সমষ্টির এক চতুর্থাংশ কত?

খ) তাদের প্রত্যেকের বয়স কত?

গ) মা ও পুত্রের বয়সের সমষ্টি ১০০ বছর হলে তাদের প্রত্যেকের বয়স কত?

২। ৫০৪ মিটার দীর্ঘ রাস্তায় ১২ মিটার পরপর ল্যাম্পপোস্ট এবং ১৮ মিটার পরপর গাছ আছে। রাস্তার শুরুতে গাছ এবং ল্যাম্পপোস্ট একত্রে আছে।

ক) কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১২ এবং ১৮ কে ভাগ করলে কোনো ভাগশেষ থাকবে না।

খ) কত মিটার পরপর গাছ এবং ল্যাম্পপোস্ট একত্রে আছে?

গ) ঐ রাস্তায় কয়টি গাছ এবং কয়টি ল্যাম্পপোস্ট আছে?

৩। সাইদ সাহেব তার মাসিক বেতনের ০.১৫ অংশ আয়কর দেন। বাকি টাকার ০.৮ অংশ তিনি সংসারের কাজে খরচ করে অবশিষ্ট টাকা সঞ্চয় করেন। তিনি মাসে ১০২০ টাকা সঞ্চয় করেন।

ক) আয়কর ও সংসার বাবদ কত অংশ খরচ করেন?

খ) তিনি ১ বছরে কত টাকা সঞ্চয় করেন?

গ) তাঁর মাসিক বেতন কত টাকা?

## "জ্যামিতি"

৪। একটি আয়ত আঁক যা দৈর্ঘ্য ৭ সেমি ও প্রস্থ ৫ সেমি। অঙ্কিত আয়তের পাঁচটি বৈশিষ্ট্য লেখ।